গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৫০/২০১৭-১৮

ঢাকা, সোমবার, ২৫ জুন ২০১৮, ১১ আষাঢ় ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিশ্বশান্তি প্রতিষ্ঠার প্রতি ঢাকার অঙ্গীকার পুনর্ব্যক্ত
প্রধানমন্ত্রীর সাথে জাতিসংঘ আন্ডার সেক্রেটারি জেনারেলের বৈঠক

২। নেপালের রাষ্ট্রদূতের সাক্ষাৎ : আঞ্চলিক যোগাযোগের ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর

৩। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সঙ্গে বিদায়ী সেনাপ্রধানের সাক্ষাৎ

৪। প্রশাসনে ৬ লাখ পদ সৃষ্টি করেছে বর্তমান সরকার : সংসদে জনপ্রশাসনমন্ত্রী

৫। বুড়িগঙ্গা দূষণমুক্ত করতে কাজ চলছে : সংসদে পানিসম্পদমন্ত্রী

৬। ৩ হাজার ৯৮২ কোটি টাকার মৎস্য ও মৎস্যজাত পণ্য রফতানি : সংসদে মৎস্যমন্ত্রী

৭। ভাড়াটিয়াদের দায়েরকৃত ৩০৫০ মামলা বিচারাধীন : সংসদে আইনমন্ত্রী

৮। প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগ হবে ক্রীড়া ও সংগীত শিক্ষক : মিরপুরে উদ্ভাবনী মেলায় গণশিক্ষামন্ত্রী

৯। ব্যাংক কেলেঙ্কারিতে জড়িতদের বিচার করা হবে : পরিকল্পনামন্ত্রী

১০। যৌথ বাণিজ্য ও বিনিয়োগের নতুন ক্ষেত্র তৈরি হয়েছে : দিল্লিতে সংলাপে বক্তারা

১১। শপথ নিলেন পিএসসি'র নবনিযুক্ত সদস্য আবদুল মান্নান

চলমান পাতা-২

১। **বিশ্বশান্তি প্রতিষ্ঠার প্রতি ঢাকার অঙ্গীকার পুনর্ব্যক্ত**
প্রধানমন্ত্রীর সাথে জাতিসংঘ আন্ডার সেক্রেটারি জেনারেলের বৈঠক

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বব্যাপী সংঘাত নিরসন এবং শান্তি স্থাপনে জাতিসংঘের প্রচেষ্টার সঙ্গে বাংলাদেশের সম্পৃক্ত থাকার দৃঢ় সংকল্পের কথা পুনর্ব্যক্ত করেছেন। তিনি বলেন, বিশ্বশান্তি এবং স্থিতিশীলতার জন্য বাংলাদেশ সবসময়ই জাতিসংঘের আহ্বানে সাড়া দিয়ে সৈন্য এবং পুলিশ সদস্য প্রেরণে প্রস্তুত রয়েছে। সফররত জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের দায়িত্বে নিয়োজিত আন্ডার সেক্রেটারি জেনারেল জ্যাঁ পিয়েরে ল্যাকরইক্স গতকাল (২৪ জুন রোববার) প্রধানমন্ত্রীর জাতীয় সংসদ ভবনস্থ কার্যালয়ে সাক্ষাতে এলে তিনি এ কথা বলেন। বৈঠকে জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল বিশ্বের বিভিন্ন স্থানে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে নিয়োজিত বাংলাদেশি বিশেষ করে নারী সৈনিক এবং পুলিশ সদস্যদের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। জাতিসংঘের শান্তি স্থাপনের উদ্যোগসমূহে বাংলাদেশকে তিনি গুরুত্বপূর্ণ সদস্য হিসেবেও উল্লেখ করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **নিউ এজ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.২)।

২। **নেপালের রাষ্ট্রদূতের সাক্ষাৎ : আঞ্চলিক যোগাযোগের ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দক্ষিণ এশীয় দেশগুলোর মধ্যে কানেকটিভিটি জোরদার করার ওপর গুরুত্বারোপ করে বলেছেন, বাংলাদেশ ইতোমধ্যেই ভারতের সঙ্গে একটি রেল যোগাযোগ উন্মুক্ত করার পদক্ষেপ নিয়েছে যেটি ১৯৬৫ সালে ভারত-পাকিস্তান যুদ্ধের সময় বন্ধ হয়ে যায়। গতকাল (২৪ জুন রোববার) প্রধানমন্ত্রীর তেজগাঁওস্থ কার্যালয়ে ঢাকায় নবনিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ড. চোপ লাল ভূশাল তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী একথা বলেন। বৈঠকে প্রধানমন্ত্রী নেপাল এবং ভুটানের সঙ্গে কানেকটিভিটি জোরদার করার বিষয়ে বাংলাদেশের অবস্থান পুনর্ব্যক্ত করেন এবং মালামাল পরিবহণ ও ট্রানজিট হিসেবে সৈয়দপুর বিমানবন্দরকে ব্যবহার করতে দেওয়ার প্রস্তাবও তুলে ধরেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.৪,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.২)।

৩। **রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সঙ্গে বিদায়ী সেনাপ্রধানের সাক্ষাৎ**

সেনাবাহিনী প্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক গতকাল (২৪ জুন রোববার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে বিদায়ী সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ সেনাবাহিনীকে মুক্তিযুদ্ধের চেতনায় গড়ে তোলা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৮)।

এর আগে, সেনাবাহিনীর বিদায়ী প্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক গতকাল (২৪ জুন রোববার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তেজগাঁয়ে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। বৈঠককালে তাঁরা বাংলাদেশ সেনাবাহিনীর উন্নয়নের বিষয়ে আলোচনা করেন। প্রধানমন্ত্রী সাফল্যের সাথে দায়িত্ব পালনের জন্য সেনাবাহিনী প্রধানের প্রশংসা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

৪। **প্রশাসনে ৬ লাখ পদ সৃষ্টি করেছে বর্তমান সরকার : সংসদে জনপ্রশাসনমন্ত্রী**

বর্তমান সরকারের সময়ে প্রশাসনে বিভিন্ন ক্যাটাগরিতে ছয় লাখ ১৩ হাজার ১৫৫টি পদ সৃজন করা হয়েছে বলে সংসদকে জানিয়েছেন জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম। এ ছাড়া আরও ৫২ হাজার ৭৯টি পদ সৃজনের কার্যক্রম চলছে। গতকাল (২৪ জুন রোববার) সংসদে এক প্রশ্নের জবাবে জনপ্রশাসনমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.১০,ক.৫)।

৫। **বুড়িগঙ্গা দূষণমুক্ত করতে কাজ চলছে : সংসদে পানিসম্পদমন্ত্রী**

পানি প্রবাহ বৃদ্ধির মাধ্যমে সরকার বুড়িগঙ্গা নদীর পানি দূষণমুক্ত করার উদ্যোগ গ্রহণ করেছে। এর ফলে শুষ্ক মৌসুমে বুড়িগঙ্গা নদীর প্রবাহ ও নাব্যতা বৃদ্ধি পাবে এবং পানির দূষণের মাত্রা হ্রাস পাবে। বর্তমানে প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং ২০২০ সালের জুন মাস নাগাদ প্রকল্পটির বাস্তবায়ন কাজ শেষ হবে।

গতকাল (২৪ জুন রোববার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে পানিসম্পদমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু এ তথ্য জানান। সূত্র- **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭)।

৬। ৩ হাজার ৯৮২ কোটি টাকার মৎস্য ও মৎস্যজাত পণ্য রফতানি : সংসদে মৎস্যমন্ত্রী

মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ বলেছেন, চলতি অর্থবছরের মে পর্যন্ত বাংলাদেশ থেকে প্রায় ৩ হাজার ৯৮২ কোটি টাকা মূল্যের প্রায় ৬৩ হাজার ৭৩৪ টন মৎস্য ও মৎস্যজাত পণ্য রফতানি করা হয়েছে। গতকাল (২৪ জুন রোববার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৭), **যুগান্তর** (পৃ.১৯,ক.৭)।

৭। ভাড়াটিয়াদের দায়েরকৃত ৩০৫০ মামলা বিচারাধীন : সংসদে আইনমন্ত্রী

আইনমন্ত্রী আনিসুল হক সংসদকে জানান, বাড়িভাড়া নিয়ন্ত্রণ আইনটি ভাড়াটিয়াবান্ধব। কোনো ভাড়াটিয়া সংক্ষুব্ধ হলে এই আইনে তার প্রতিকারের সুব্যবস্থা রয়েছে। এই আইনের অধীনে ভাড়াটিয়াদের দায়ের করা ৩ হাজার ৫০টি মামলা (৩১ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত) আদালতে বিচারাধীন রয়েছে। ইতোমধ্যে ৫৬৫টি মামলা নিষ্পত্তি হয়েছে। গতকাল (২৪ জুন রোববার) সংসদে এক প্রশ্নের জবাবে আইনমন্ত্রী এ তথ্য জানান। সূত্র- **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

৮। প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগ হবে ক্রীড়া ও সংগীত শিক্ষক : মিরপুরে উদ্ভাবনী মেলায় গণশিক্ষামন্ত্রী

সব প্রাথমিক বিদ্যালয়ে ক্রীড়া ও সংগীত বিষয়ে শিক্ষক নিয়োগ দেওয়া হবে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার। গতকাল (২৪ জুন রোববার) রাজধানী মিরপুরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উদ্যোগে দু'দিনব্যাপী উদ্ভাবনী মেলা ও শোকেসিং-২০১৮-এর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে ৩০টি প্রতিষ্ঠান তাদের উদ্ভাবনী আইডিয়া প্রদর্শন করে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৯। ব্যাংক কেলেঙ্কারিতে জড়িতদের বিচার করা হবে : পরিকল্পনামন্ত্রী

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, ব্যাংক কেলেঙ্কারির সঙ্গে জড়িতরা প্রভাবশালী হলেও তাদের বিচারের কাঠগড়ায় দাঁড় করিয়ে পাওনা আদায় করা হবে। গতকাল (২৪ জুন রোববার) রাজধানীর একটি হোটেলে সেন্টার ফর পলিসি ডায়লগ আয়োজিত 'সিপিডি বাজেট ডায়লগ ২০১৮'-তে মন্ত্রী এ কথা বলেন। তিনি আরও বলেন, ব্যাংক ও আর্থিক খাতের সংস্কার এনে কেন্দ্রীয় ব্যাংককে আরও শক্তিশালী করা হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। যৌথ বাণিজ্য ও বিনিয়োগের নতুন ক্ষেত্র তৈরি হয়েছে : দিল্লিতে সংলাপে বক্তারা

বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের পথে রয়েছে। এই অগ্রগতির কারণে দেশটির সঙ্গে ভারতের উদ্যোক্তাদের যৌথ বাণিজ্য ও বিনিয়োগের নতুন ক্ষেত্র তৈরি হয়েছে। দিল্লিতে সম্প্রতি অনুষ্ঠিত এক সংলাপে এ কথা বলেছেন বক্তারা। দিল্লিতে স্বল্পোন্নত দেশ থেকে বাংলাদেশের উন্নয়নশীল দেশে অভিযাত্রা নামে এ সংলাপ অনুষ্ঠিত হয়। ফেডারেশন অভ্ ইন্ডিয়ান চেম্বার অভ্ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সহযোগিতায় দিল্লির বাংলাদেশ হাইকমিশন এ সংলাপের আয়োজন করে। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২)।

১১। শপথ নিলেন পিএসসি'র নবনিযুক্ত সদস্য আবদুল মান্নান

বাংলাদেশ সরকারি কর্ম-কমিশনের (পিএসসি) সদস্য হিসেবে শপথ নিয়েছেন সাবেক সচিব আবদুল মান্নান। গতকাল (২৪ জুন রোববার) বিকালে সুপ্রিম কোর্টের জাজেস লাউঞ্জে আবদুল মান্নানকে শপথবাক্য পাঠ করান প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

সম্পাদকীয়

ক. **বণিক বার্তা :** দেশে পাদুকাশিল্প অন্যতম সম্ভাবনাময় খাত হিসেবে চিহ্নিত হওয়া সত্ত্বেও অনুন্নত কর্মপরিবেশ বিরাজমান উল্লেখ করে এ খাতের উন্নয়নে শ্রমিকের ন্যূনতম মজুরি প্রদানের পাশাপাশি মানসম্পন্ন কর্মপরিবেশ নিশ্চিত করার সুপারিশ।

খ. **প্রথম আলো :** খুলনার দাকোপ উপজেলার উপকূলীয় অঞ্চলের একটি গ্রামে একই জমিতে সারাবছর মাছ ও শাকসবজিসহ অন্যান্য ফসল ফলাতে মিনি পুকুর নামের একটি পদ্ধতি আবিষ্কার করার কথা উল্লেখ করে সারাদেশেই এই মিনি পুকুর পদ্ধতি অনুসরণ করার আহ্বান।

গ. **যুগান্তর :** চট্টগ্রাম বন্দরে কনটেইনার জট চরম আকার ধারণ করেছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে বন্দরের সক্ষমতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ঘ. **ইত্তেফাক, ইন্ডিপেনডেন্ট :** চট্টগ্রামের হালদা নদী মারাত্মক দূষণের শিকার হচ্ছে উল্লেখ করে জাতীয় স্বার্থে হালদাকে রক্ষা করার আহ্বান।

ঙ. **জনকণ্ঠ :** দেশের ক্রমবর্ধমান পুষ্টির চাহিদা মেটাতে ফলের উৎপাদন বৃদ্ধির ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের তথ্য ও প্রযুক্তি খাতের উন্নয়নে শিক্ষার্থীদের জন্য বিজ্ঞান শিক্ষায় জোর দেওয়ার পরামর্শ।

ছ. **নিউ এজ, ডেইলি সান, ডেইলি স্টার, নিউজ টুডে, যুগান্তর, সমকাল, যায়যায়দিন, ইনকিলাব :** সড়ক দুর্ঘটনার হার ক্রমেই বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ কামনা করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বঙ্গবন্ধু প্রদর্শিত পথে মুক্তিযুদ্ধের চেতনা অনুযায়ী সরকার পরিচালনার মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে উন্নয়নশীল দেশের মর্যাদায় উন্নীত করেছেন।

নিবন্ধ ও ফিচার

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত **'হজ ব্যবস্থাপনার উন্নয়নে যা করতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, হজ ব্যবস্থাপনার উন্নয়নে সরকার এবার প্রশিক্ষণসহ হজ ক্যালেন্ডার চালু করেছে, যা এ সরকারের একটি প্রশংসনীয় উদ্যোগ।

#

খাদীজা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা